

# India's view on the Treaty on the Prohibition of Nuclear Weapons

January 22, 2021

## পারমাণবিক অস্ত্রে নিষেধাজ্ঞা বিষয়ক চুক্তি প্রসঙ্গে ভারতের দৃষ্টিভঙ্গি

জানুয়ারি 22, 2021

সর্বজনীন ও পক্ষপাতহীন এবং যাচাইযোগ্য পারমাণবিক নিরস্ত্রীকরণের প্রতি ভারত বরাবর উচ্চ অগ্রাধিকার দিয়ে এসেছে এবং প্রতিশ্রুতিবদ্ধ থেকেছে।

ট্রিটি অন দ্যা প্রোহিবিশন অফ নিউক্লিয়ার ওয়েপন্স (টী.পী.এন.ডাব্লিউ) সংক্রান্ত আলোচনায় ভারত অংশ নেয়নি এবং স্পষ্টত জানিয়ে দিয়েছে যে ভবিষ্যতেও এই প্রসঙ্গে জড়িত না হবার সিদ্ধান্তে অবিচল থাকবে। ভারত এই চুক্তি সমর্থন করে না এবং এর দ্বারা উদ্ভূত কোনও বাধ্যবাধকতায় আবদ্ধ হবে না। ভারত বিশ্বাস করে যে গতানুগতিক আন্তর্জাতিক আইনের উন্নয়ন বা গঠনে এই চুক্তির কোন অবদান নেই; বা এর ফলে কোনও নতুন মান বা নিয়ম স্থাপিত হয় না।

পারমাণবিক অস্ত্রমুক্ত বিশ্বের লক্ষ্যে ভারত তার প্রতিশ্রুতির পুনরাবৃত্তি করে। ভারত বিশ্বাস করে যে আন্তর্জাতিক পর্যায়ে প্রতিশ্রুতির মাধ্যমে ধাপে ধাপে এগোলে এই লক্ষ্য অর্জন করা যেতে পারে এবং ভারতের ওয়ার্কিং পেপারে "পারমাণবিক নিরস্ত্রীকরণ" শিরোনামে বর্ণিত একটি আন্তর্জাতিক ও বৈষম্যমূলক বহুপাক্ষিক পরিকাঠামো জাতিসংঘের সাধারণ পরিষদ এবং নিরস্ত্রীকরণ সম্মেলনে জমা দেওয়া হয়েছে যাতে নিরস্ত্রীকরণের উপর ভারতের কর্মপন্থা বর্ণিত হয়েছে। এই প্রসঙ্গে, নিরস্ত্রীকরণ সম্মেলনে ভারত একটি ব্যাপক পারমাণবিক অস্ত্র কনভেনশন সম্পর্কিত আলোচনার সূচনা করে, যেটি ঐক্যমতের ভিত্তিতে চলা বিশ্বের একমাত্র বহুপাক্ষিক নিরস্ত্রীকরণ ফোরাম। পারমাণবিক অস্ত্র মুক্ত বিশ্বের লক্ষ্যে ভারত জাতিসংঘের সকল সদস্য রাষ্ট্রের সাথে কাজ করার জন্য প্রস্তুত।

নিউ দিল্লি

জানুয়ারি 22, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.